গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

# বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৯ জুলাই, ২০১২ তারিখে অনুষ্ঠিত ১৫তম সভার কার্যবিবরণী।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ১৫তম সভা ২৯ জুলাই, ২০১২ তারিখ বেলা ২.০০ টায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ও বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের চেয়ারম্যান জনাব আবদুস সোবহান সিকদার এর সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানিত সদস্য/কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট - 'ক' তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক ও বোর্ডের সদস্য-সচিব জনাব মোঃ আলী মোস্তাফা চৌধুরী - কে অনুরোধ করেন। মহাপরিচালক সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**০১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ১৩-০৩-২০১২ তারিখে অনুষ্ঠিত ১৪তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ১৩-০৩-২০১২ তারিখে অনুষ্ঠিত ১৪তম সভার কার্যবিবরণী বোর্ডের সম্মানিত সদস্যদের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়েছিল। কার্যবিবরণী সম্পর্কে সম্মানিত সদস্যদের নিকট হতে কোনরূপ সংশোধনী প্রস্তাব/মন্তব্য না পাওয়ায় কার্যবিবরণীটি নিশ্চিত (Confirm) করা হয়।

**০২। বিগত ১৩-০৩-২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডের ১৪তম সভার সিদ্ধান্ত অগ্রগতি পর্যালোচনা।**

**২.১ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ নিজস্ব জায়গায় ৩০তলা ভবন নির্মাণ প্রসঙ্গে।**

বোর্ডের ১৪তম সভার সিদ্ধান্ত মোতাবেক কেন্দ্রীয় শিতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থার পরিবর্তে পর্যাপ্ত পরিমানে প্রাকৃতিক আলো বাতাস সরবরাহ নিশ্চিত করে স্থাপত্য নকশা সংশোধনপূর্বক গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ২৯৬৯২.০৮ লাখ টাকা প্রাক্কলিত ব্যয় ধরে ডিপিপি পুনঃগঠন করা হয়। উক্ত ব্যয়ের ৯০% জিওবি এবং ১০% বোর্ডের নিজস্ব তহবিল। পুনঃগঠিত ডিপিপি চূড়ান্তকরণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীন স্থায়ী কমিটির এক সভা সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৭-০৬-২০১২ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ডিপিপি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক চূড়ান্ত করা হয়। ডিপিপিটি অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী বরাবরে সার-সংক্ষেপ প্রেরণ করা হয়। সভায় উপ-সচিব(সওক) জানান যে, সার-সংক্ষেপটি মাননীয় প্রধানমন্ত্রী অনুমোদন করেছেন এবং ডিপিপি পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। এছাড়া সভায় আরো জানানো হয় যে, পরিকল্পনা কমিশনের প্রোগ্রামিং কমিটির ৩০-০৪-২০১২ তারিখে অনুষ্ঠিত সভায় প্রকল্পটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০১২-২০১৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্পের (সবুজ পাতায়) অন্তর্ভূক্ত করার সুপারিশ করা হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত ডিপিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত।

**বাস্তবায়ন ঃ** জনপ্রশাসন মন্ত্রণালয়।

CamScanner

**২.২ বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করণ।**

সভায় জানানো হয় যে, বোর্ডের কমিউনিটি সেন্টারগুলোকে স্বল্পব্যয়ে সংস্কারের মাধ্যমে আধুনিকায়নের কাজ সম্পাদনের জন্য গঠিত কমিটির নিকট থেকে এ পর্যন্ত কোন প্রস্তাব পাওয়া যায়নি। এ বিষয়ে সভাপতি মত প্রকাশ করেন যে, নতুন স্থাপনা বা ভবন নির্মাণের ক্ষেত্রে স্থাপত্য অধিদপ্তরের মাধ্যমে নকশা প্রণয়নের প্রয়োজন হয়। তবে কোন স্থাপনা সংস্কারের ক্ষেত্রে স্থাপত্য অধিদপ্তরের ভূমিকা না থাকায় পূর্বে গঠিত কমিটি বাতিল পূর্বক নিম্নরূপভাবে একটি কমিটি গঠনের প্রস্তাব করা হয়।

| | | |
|---|---|---|
| (০১) | বিভাগীয় কমিশনারের প্রতিনিধি (সংশ্লিষ্ট বিভাগের ক্ষেত্রে) | - সভাপতি |
| (০২) | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর (সংশ্লিষ্ট বিভাগের ক্ষেত্রে) | - সদস্য |
| (০৩) | উপ-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (সংশ্লিষ্ট বিভাগের ক্ষেত্রে) | - সদস্য-সচিব |

উক্ত কমিটি কমিউনিটি সেন্টারগুলোর অবস্থান, সময়ের চাহিদা ও বিভিন্ন দিক পর্যালোচনাপূর্বক স্বল্পব্যয়ে কি কি ধরণের সংস্কার কাজ করা হলে এগুলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা সম্ভব হবে সে ব্যাপারে পূর্নাঙ্গ প্রতিবেদন পরবর্তী বোর্ড সভায় পেশ করার জন্য অত্র বোর্ডে প্রেরণ করবেন।

**সিদ্ধান্ত ঃ** গঠিত কমিটি কমিউনিটি সেন্টারগুলোর অবস্থান, সময়ের চাহিদা ও বিভিন্ন দিক পর্যালোচনাপূর্বক স্বল্পব্যয়ে কি কি ধরণের সংস্কার কাজ করা হলে এগুলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা সম্ভব হবে সে ব্যাপারে পূর্নাঙ্গ প্রতিবেদন অত্র বোর্ডে প্রেরণ করবেন।

**বাস্তবায়ন ঃ** (১) কমিশনার, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী বিভাগ।
(২) উপ-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী।

**২.৩ সোনালী ব্যাংকের পাওনা টাঃ ৫৫(পঞ্চান্ন) কোটি পরিশোধ এবং এফডিআর এর মুনাফার হার নির্ধারণ প্রসঙ্গে।**

সোনালী ব্যাংক লিঃ, রমনা কর্পোরেট শাখা কার্ড ভিত্তিক হিসাব বিবরণী তৈরী করে বোর্ডের সাথে রিকনসাইল এর মাধ্যমে জরুরী ভিত্তিতে একটি পূর্নাঙ্গ প্রতিবেদন পেশ করার জন্য পুনরায় ০৭-০৫-২০১২ তারিখে পত্র দেয়া হলে সোনালী ব্যাংক লিঃ ২৯-০৫-২০১২ তারিখে পত্রের মাধ্যমে জানায় যে, অন্তত ১ মাস সময়ের প্রয়োজন। উক্ত সময়ের মধ্যে সোনালী ব্যাংক লিমিটেড থেকে হিসাব বিবরণী পাওয়া না গেলে বোর্ডের হিসাবই চূড়ান্ত বলে গন্য হবে এবং সোনালী ব্যাংক লিমিটেড অত্র বোর্ডের নিকট কোন পাওনা থাকবেনা বলে বোর্ড কর্তৃক প্রেরিত পত্রে উল্লেখ করা হয়েছিল। ইতোমধ্যে প্রায় ২(দুই) মাস সময় অতিবাহিত হলেও সোনালী ব্যাংক লিমিটেড থেকে কোন প্রতিবেদন পাওয়া যায়নি। এ ব্যাপারে বোর্ডের উপ-পরিচালক(প্রশাসন ও কল্যাণ) সভায় জানান যে, বোর্ড হতে মঞ্জুরীকৃত ১৯৭৯ সাল থেকে ৩০ জুন, ২০১১ পর্যন্ত ৮৩৭০৯ টি কার্ডের অনুকূলে প্রদেয় টাকার একটি হিসাব বিবরণী তৈরি করা হয়। উক্ত হিসাব বিবরণী থেকে দেখা যায় যে, সোনালী ব্যাংক লিমিটেড অত্র বোর্ডের নিকট কোন পাওনা নেই। বিস্তারিত আলোচনান্তে সোনালী ব্যাংক লিমিটেড বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিকট কোন পাওনা নেই বলে সভায় সকলে একমত পোষণ করেন।

সভায় মহাপরিচালক আরো জানান যে, গত ১৯-০৬-২০১২তারিখে সোনালী ব্যাংক কর্তৃপক্ষের সাথে এফডিআর এর মুনাফা এবং সার্ভিস চার্জ সংক্রান্ত বিষয়ে অত্র বোডের্র সাথে সভা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে সোনালী ব্যাংক লিমিটেড ১০-০৭-২০১২ তারিখে জানায় যে, বর্তমানে এফডিআর এর মুনাফা ৯.৫% - ১০% হতে মেয়াদ পূর্তির পর থেকে ১২% হারে মুনাফা প্রদান করা হবে এবং বোর্ডের নিকট থেকে সোনালী ব্যাংক লিমিটেড কোন সার্ভিস চার্জ

গ্রহণ করবে না। আলোচনান্তে এফডিআর এর মেয়াদ পূর্তির পর থেকে সোনালী ব্যাংক লিমিটেড এর ১২% হারে মুনাফা প্রদানের বিষয়টি সভায় অনুমোদিত হয়।

**সিদ্ধান্ত ঃ** (১) সোনালী ব্যাংক লিমিটেড বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিকট কোন পাওনা নেই।

(২) এফডিআর এর মেয়াদ পূর্তির পর থেকে সোনালী ব্যাংক লিমিটেড ১২% হারে মুনাফা প্রদান করবে।

**বাস্তবায়ন ঃ** সোনালী ব্যাংক লিঃ, রমনা কর্পোরেট শাখা ও বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**২.৪ টাইপ ও সেক্রেটারীয়েল সায়েন্স কোর্সের পরিবর্তে ব্লক, বুটিক, গ্রাফিক্স ডিজাইন, কারচুপি ও কনফেকশনারী কোর্স চালু করা প্রসংগে।**

এ বিষয়ে রাজশাহী বিভাগ থেকে বিভিন্ন কোর্সের মেয়াদ বৃদ্ধি/হ্রাস, নতুন যুগোপযোগী কোর্স চালুকরণ ও ব্যাপক প্রচারণার মাধ্যমে ছাত্রী সংখ্যা বৃদ্ধি ইত্যাদি বিষয়ে একটি প্রতিবেদন পাওয়া গেলেও অন্যান্য বিভাগ থেকে কোন প্রতিবেদন পাওয়া যায়নি। সভায় উপ-পরিচালক(কর্মসূচী ও যৌথবীমা) জানান যে, ব্লক, বুটিক, গ্রাফিকস ডিজাইন, কারচুপি ও কনফেকশনারী কোর্সগুলো চালু করার জন্য বর্তমানে কর্মরত প্রশিক্ষিকাগণকে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সেপ্রেক্ষিতে সভাপতি মত প্রকাশ করেন যে, সরকারি কর্মকর্তা কর্মচারীদের স্ত্রী কন্যাদের পাশাপাশি অন্যান্য সকল মহিলাদের জন্য প্রশিক্ষণ কার্যক্রম উন্মুক্ত করা যেতে পারে এবং প্রশিক্ষণ কার্যক্রম যুগোপযোগী করার বিষয়ে বিভাগীয় কমিশনারগণ প্রতিবেদন প্রদান করবেন।

**সিদ্ধান্ত ঃ** সরকারি কর্মকর্তা কর্মচারীদের স্ত্রী কন্যাদের পাশাপাশি অন্যান্য সকল মহিলাদের জন্য প্রশিক্ষণ কার্যক্রম উন্মুক্ত রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং প্রশিক্ষণ কার্যক্রম যুগোপযোগী করার বিষয়ে বিভাগীয় কমিশনারগণ অত্র বোর্ডে প্রতিবেদন প্রেরণ করবেন।

**বাস্তবায়ন ঃ** (১) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল।

(২) উপ-পরিচালক(কর্মসূচী ও যৌথবীমা)/ উপ-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/ বরিশাল।

**২.৫ সিলেট বিভাগীয় সদর দপ্তরের অনুকূলে বরাদ্দকৃত স্টাফ বাসে বিবিধ সমস্যা নিরসন এবং মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধী সরকারি কর্মচারীদের বিনা ভাড়ায় স্টাফ বাসে যাতায়াত সংক্রান্ত।**

মুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীদের স্টাফবাসে বিনা ভাড়ায় যাতায়াতের সুবিধা প্রদানের বিষয়ে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সুনির্দিষ্ট মতামত প্রদানের জন্য পত্র দেয়া হলেও এ বিষয়ে কোন সিদ্ধান্ত পাওয়া যায়নি। তাছাড়া প্রতিবন্ধী কল্যাণ বিধিমালা ২০০৮ এর ১৩(ধ)অনুচ্ছেদ অনুযায়ী পরিচয়পত্র বহনকারী প্রতিবন্ধী যাত্রী সরকারী ও বেসরকারী যানবাহনে রেয়াতী হারে ভাড়া নির্ধারনের সিদ্ধান্ত রয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে প্রতিবন্ধী যাত্রীদের স্টাফবাসের ভাড়া ৫০% রেয়াতী হারে আদায় করা যেতে পারে বলে সকলে একমত পোষণ করেন। এছাড়া স্টাফবাস পরিচালনায় এর রক্ষণাবেক্ষণ, জ্বালানী ও অন্যান্য যাবতীয় ব্যয় পরীক্ষা-নিরীক্ষা করে সরকারের ভর্তুকি সহনীয় পর্যায়ে আনার জন্য ইতিপূর্বে কখন কত হারে ভাড়া বৃদ্ধি করা হয়েছে তার পরিসংখ্যানসহ ভাড়া বৃদ্ধির যুক্তিসংগত প্রস্তাব পরবর্তী বোর্ড সভায় পেশ করার বিষয়ে সকলে একমত হন।

**সিদ্ধান্ত ঃ** (১) প্রতিবন্ধী যাত্রীদের স্টাফবাসের ভাড়া ৫০% রেয়াতী হারে আদায় করা হবে।

(২) স্টাফবাসের ভাড়া ইতিপূর্বে কখন কত হারে বৃদ্ধি করা হয়েছে তার পরিসংখ্যানসহ ভাড়া বৃদ্ধির যুক্তিসংগত প্রস্তাব পরবর্তী বোর্ড সভায় পেশ করতে হবে।

**বাস্তবায়ন ঃ** (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

(২) উপ-পরিচালক(কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

CamScanner

**১৫ তম সভার আলোচ্য বিষয় ও গৃহিত সিদ্ধান্তসমুহ।**

**০১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিল এর ২০১২-২০১৩ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন সংক্রান্ত।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিল এর ২০১১-২০১২ অর্থ বছরের প্রকৃত আয় ব্যয় ও ২০১২-২০১৩ অর্থ বছরের বাজেট পরিশিষ্ট ক ও খ এর মাধ্যমে সভায় উপস্থাপন করা হয়। সভায় উক্ত বাজেট পরীক্ষা নিরীক্ষা করে ২০১১-২০১২ অর্থ বছরের প্রকৃত ব্যয় ও ২০১২-২০১৩ অর্থ বছরের কল্যাণ তহবিলের জন্য টাঃ ৫৮,৬৮,৫৯,০৩৯/৮০ (টাঃ আটান্ন কোটি আটষট্টি লাখ উনষাট হাজার উনচল্লিশ এবং পঁয়সা আশি) ও যৌথবীমা তহবিলের জন্য টাঃ ৩৬,৫৮,৬২,৪০১/৪৯ (টাঃ ছত্রিশ কোটি আটান্ন লক্ষ বাষট্টি হাজার চারশত এক এবং পয়সা উনপঞ্চাশ মাত্র) এর বাজেট পরিশিষ্ট ক ও খ- তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**০২। ১৫০ শয্যা বিশিষ্ট সরকারি কর্মচারী আধুনিক হাসপাতালটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিকট হস্তান্তর, জনবল নিয়োগ ও বাজেট স্থানান্তর সংক্রান্ত।**

সভায় হাসপাতালের তত্ত্বাবধায়ক জানান যে, ১৫০ শয্যা বিশিষ্ট সরকারি কর্মচারী হাসপাতালটির সার্বিক নির্মাণ কাজ বর্তমানে ১০০% সম্পন্ন হয়েছে। নতুন ও পুরাতন যন্ত্রপাতি/ মালামাল ইনভেন্টরি কমিটি কর্তৃক বুঝে নেয়ার কাজ চলছে। তাছাড়া আমদানীকৃত মেডিকেল ইকুইপমেন্ট জুলাই-আগষ্ট/২০১২ মাসের মধ্যে পাওয়া যাবে। সিএমএসডি কর্তৃক এয়কৃত যন্ত্রপাতির মধ্যে কিছু কিছু যন্ত্রপাতি সরবরাহ পাওয়া গেলেও আমদানীকৃত কিছু কিছু যন্ত্রপাতি ১৫ আগষ্ট ২০১২ এর মধ্যে সরবরাহ পাওয়া যাবে এবং সেপ্টেম্বর/১২ মাসের মধ্যে প্রকল্পটি হস্তান্তর করা যেতে পারে। এ প্রেক্ষিতে সভাপতি অভিমত প্রকাশ করেন যে, হাসপাতালের মেশিনারী স্থাপনসহ সকল অসমাপ্ত কাজ ৩০ সেপ্টেম্বর/২০১২ এর মধ্যে সমাপ্ত করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিকট হস্তান্তর করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

সভায় বোর্ডের মহাপরিচালক জানান যে, হাসপাতালের জন্য ২৪১টি পদ সৃজনের বিষয়টি অর্থ বিভাগে প্রক্রিয়াধীন আছে। উক্ত পদ সৃজনের বিষয়টি সময় সাপেক্ষ বিধায় সমঝোতা স্মারক অনুযায়ী হাসপাতাল পরিচালনার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় থেকে ডাক্তার, নার্স ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারী প্রেষণে নিয়োগের বিষয়টি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।

**সিদ্ধান্ত ঃ** (১) হাসপাতালের মেশিনারী স্থাপনসহ সকল অসমাপ্ত কাজ ৩০ সেপ্টেম্বর/২০১২ এর মধ্যে সমাপ্ত করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিকট হস্তান্তর করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(২) হাসপাতালের জন্য ২৪১টি পদ সৃজনের বিষয়ে প্রশাসনিক যোগাযোগের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন ঃ** (১) প্রকল্প পরিচালক, ১৫০ শয্যা বিশিষ্ট সরকারি কর্মচারী আধুনিক হাসপাতাল নির্মাণ প্রকল্প।
(২) জনপ্রশাসন মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
(৩) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**০৩। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে মঞ্জুরীকৃত সকল প্রকার সাহায্যের অর্থ/চেক EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে আবেদনকারীদের একাউন্টে জমা করা প্রসঙ্গে।**

সভায় জানানো হয় যে, ইএফটির মাধ্যমে বোর্ডের ভাতাদি পরিশোধের বিষয়টি ২১-০৯-২০১১ তারিখে অনুষ্ঠিত ১৩তম বোর্ড সভায় অনুমোদিত হয় এবং ইএফটি চালু করার জন্য ৩১-১০-২০১১ তারিখে কম্পিউটার কাউন্সিল এর অনুমোদন পাওয়া যায়। ইএফটির মাধ্যমে সাহায্য কার্যক্রম চালু করার জন্য যে সকল তথ্য/উপাত্ত

CamScanner

প্রয়োজন তা সম্বলিত বোর্ডের ১৫টি সংশোধিত ফরম ২৪-০৫-২০১২ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে এবং সোনালী ব্যাংকের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। সোনালী ব্যাংকের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরকরতঃ নতুন ফরমের মাধ্যমে আবেদন পাওয়া সাপেক্ষে পর্যায়ক্রমে বোর্ডের সাহায্য কার্যক্রম ইএফটির মাধ্যমে পরিচালনা করা যেতে পারে বলে সভায় সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** সোনালী ব্যাংকের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরকরতঃ নতুন ফরমের মাধ্যমে আবেদন পাওয়া সাপেক্ষে পর্যায়ক্রমে বোর্ডের সাহায্য কার্যক্রম ইএফটির মাধ্যমে পরিচালনা করা হবে।

**বাস্তবায়ন :** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ও সোনালী ব্যাংক কর্তৃপক্ষ।

**০৪। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে অন লাইনে আবেদন করার সিষ্টেম চালু করণ প্রসঙ্গে।**

সভায় বোর্ডের মহাপরিচালক অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১ ও জাতীয় প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (A2I) প্রজেক্ট, প্রধানমন্ত্রীর কার্যালয়, জনাব নজরুল ইসলাম খান এর সভাপতিত্বে গত ১১ই জানুয়ারী, ২০১১ তারিখে অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় প্রতিটি বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/কর্পোরেশন এর নতুন সহজসাধ্য উদ্যোগ (কুইক-উইন) নিয়ে আলোচনা হয়। উক্ত সভায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভিন্ন ধরণের ভাতা ও অনুদানের অনলাইন আবেদন ব্যবস্থা চালু করার বিষয়ে আলোচনা হয়।

পরবর্তীতে এ বিষয়ে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ও এটুআই বিভিন্ন সভায় মিলিত হয়ে বোর্ডের বর্তমানে চলমান সাহায্য কার্যক্রমসমূহ এবং সাহায্য অনুমোদনের বিভিন্ন ধাপ নিয়ে আলোচনা/পর্যালোচনা করা হয়। গত ০১-০৪-২০১২ তারিখে বোর্ডের চলমান সাহায্য কার্যক্রমসমূহের প্রসেস ম্যাপ তৈরি করে এটুআই প্রজেক্ট বরাবরে প্রেরণ করা হয়। বোর্ডে অনলাইন ব্যবস্থাপনা চালুর জন্য গত ১০-০৪-২০১২ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক-১, জনাব মোঃ আবদুল আজিজ এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, উপ-সচিব(সওক), সিনিয়র সিষ্টেম এনালিষ্ট এবং মন্ত্রিপরিষদ বিভাগের উপ-সচিব এর উপস্থিতিতে সকল সরকারি কর্মচারীদের আইডেনটিফিকেশনের জন্য সেন্ট্রাল ডাটাবেইজ তৈরিকরণ, আবেদনের অথেনটিকেশন এবং আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্রের স্ক্যান কপির গ্রহণযোগ্যতা নিয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয় যে (১) সকল মন্ত্রণালয়ের নীতি নির্ধারক ও ফোকাল পয়েন্টদের নিয়ে সভায় মিলিত হয়ে একটি কমপ্রিহেনসিভ এ্যাকশন প্লান তৈরি করতে হবে। (২) এটুআই প্রকৃতপক্ষে কি করতে চায় তার লিখিত প্রস্তাব অনুষ্ঠিতব্য সভার বিজ্ঞপ্তির সাথে সকল মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। বিষয়টি এটুআই প্রজেক্টে প্রক্রিয়াধীন আছে।

**সিদ্ধান্ত :** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভিন্ন ধরণের ভাতা ও অনুদানের অনলাইন আবেদন ব্যবস্থা চালু করার বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (A2I) প্রজেক্ট প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

**বাস্তবায়ন :** (১) একসেস টু ইনফরমেশন (A2I) প্রজেক্ট, প্রধানমন্ত্রীর কার্যালয়।
(২) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**০৫। ষ্টাফবাস কর্মসূচীতে জাতীয় ও নির্ধারিত বেতনস্কেলে ১৭২টি এবং মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের ৪৭টি সহ মোট ২১৯টি পদ সংরক্ষণ।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস কর্মসূচীতে জাতীয় ও নির্ধারিত বেতনে সৃষ্ট ১৭২টি এবং মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের ৪৭টি সহ মোট ২১৯টি পদ ৩০ জুন, ২০১৩ পর্যন্ত প্রচলিত নিয়মে পুনরায় সংরক্ষণের প্রস্তাব করা হলে সভাপতি জানান যে, পদগুলি প্রতিবছর সংরক্ষণ না করে স্থায়ীভাবে সংরক্ষণ করা যায় কিনা সে বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করে দেখা যেতে পারে। সে প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপ-সচিব(সওক) সভায় জানান যে, ১৩তম বোর্ড সভায় ষ্টাফবাস কর্মসূচী ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের পদসমূহ বোর্ডের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভূক্ত করার পদক্ষেপ গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত রয়েছে। এ বিষয়ে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন যে, স্টাফ

বাস কর্মসূচী ও মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরত কর্মচারীরা সরকারি কর্মকর্তা/কর্মচারী ও তাঁদের স্ত্রী কন্যাদের কল্যাণের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এবং প্রকল্পটি দীর্ঘ প্রায় ৪০ বছর যাবত চলমান রয়েছে। অদূর ভবিষ্যতে এ প্রকল্প বন্ধ হওয়ার কোন সম্ভাবনা নেই, কাজেই তাদেরকে স্থায়ীভাবে বোর্ডের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত করা যেতে পারে। বোর্ড সভায় সকলেই এবিষয়ে একমত পোষন করেন। বোর্ডের সাংগঠনিক কাঠামো ও প্রবিধানমালা চূড়ান্ত অনুমোদনের পর পদসমূহ বোর্ডের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভূক্ত করার পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** (১) স্টাফবাস কর্মসূচী ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের জাতীয় ও নির্ধারিত বেতনে সৃষ্ট মোট ২১৯ টি পদ ৩০ জুন, ২০১৩ পর্যন্ত প্রচলিত নিয়মে সংরক্ষণ করা হয়।

(২) বোর্ডের সাংগঠনিক কাঠামো ও প্রবিধানমালা চূড়ান্ত অনুমোদনের পর স্টাফবাস কর্মসূচী ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের পদসমূহ স্থায়ীভাবে বোর্ডের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত করার পদক্ষেপ গ্রহণ করা হবে।

**বাস্তবায়ন ঃ** উপ-পরিচালক(কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**০৬। মতিঝিলস্থ মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের হল রুমে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র স্থাপন এবং সংস্কার কাজ প্রসংগে।**

মতিঝিল মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারে সেলাই, কাটিং, এমব্রয়ডারি ও কম্পিউটার কোর্স চালু আছে। বর্তমান যুগের চাহিদা অনুযায়ী ব্লক, বুটিক, কারচুপি, কনফেকশনারী ও অন্যান্য যুগোপযোগী কোর্স চালু করার জন্য বোর্ড সভার সিদ্ধান্ত রয়েছে। তাছাড়া কমিউনিটি সেন্টারটিতে বিভিন্ন সামাজিক অনুষ্ঠানাদি যেমন বিয়ে, জন্মদিন ও সাংস্কৃতিক অনুষ্ঠানে ভাড়ার বিনিময়ে প্রদান করা হয়ে থাকে। বর্তমানে উক্ত কমিউনিটি সেন্টারটি হতে আয় বৃদ্ধির লক্ষ্যে হল রুমটি আধুনিকীকরণের জন্য নির্বাহী প্রকৌশলী, মতিঝিল গণপূর্ত বিভাগ, সেগুনবাগিচা ঢাকা হতে উক্ত কেন্দ্রে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র স্থাপন এবং হলরুমের মেঝে ও বারান্দায় টাইলস ফিটিংস, দরজা ও জানালায় থাইগ্লাস ফিটিংস বাবদ যথাক্রমে টাঃ ১৭,৯৪,৩৪৮/- এবং টাঃ ২৮,৬৬,৬০৬/- সহ সর্বমোট টাঃ ৪৬,৬০,৯৫৪/- (ছেচল্লিশ লাখ ষাট হাজার নয়শত চুয়ান্ন) এর প্রাক্কলন পাওয়া গেছে। উক্ত প্রাক্কলিত ব্যয়ের মধ্যে বোর্ডের নিজস্ব আয় থেকে ২৫% অর্থ সংকুলান করা সম্ভব হবে এবং অবশিষ্ট টাকা অর্থ মন্ত্রণালয় হতে সংকুলানের জন্য প্রস্তাব করা হয়। এ প্রেক্ষিতে সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, এত বিপুল পরিমানে অর্থ ব্যয় করে উক্ত সেন্টার থেকে কি পরিমান অর্থ আয় হবে তা সমীক্ষা করা প্রয়োজন। সেন্টারটিতে সংস্কার কাজসহ শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র স্থাপন করলে এর জন্য যে বিদ্যুৎ ব্যবহার হবে, সেক্ষেত্রে ভাড়া কি পরিমান বৃদ্ধি করা হলে বিদ্যুৎ বিল পরিশোধসহ অন্যান্য যাবতীয় খরচ মেটানোর পর সেন্টার থেকে কি পরিমান আয় হবে তার একটি তুলনামূলক বিবরণী পরবর্তী বোর্ড সভায় পেশ করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** মতিঝিল মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারে সংস্কার কাজসহ শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র স্থাপন করলে এর জন্য যে বিদ্যুৎ ব্যবহার হবে, সেক্ষেত্রে ভাড়া কি পরিমান বৃদ্ধি করা হলে বিদ্যুৎ বিল পরিশোধসহ অন্যান্য যাবতীয় খরচ মেটানোর পর সেন্টার থেকে কি পরিমান আয় হবে তার একটি তুলনামূলক বিবরণী পরবর্তী বোর্ড সভায় পেশ করতে হবে।

**বাস্তবায়ন ঃ** উপ-পরিচালক(কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নিশ্চিত করা হলো।
২২/৮/১২

আবদুস সোবহান সিকদার
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

০৬/৮/১২
(আবদুস সোবহান সিকদার)
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

## বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, যৌথবীমা তহবিল এর ২০১১-২০১২ অর্থ বছরের অনুমোদিত বাজেট এবং ২০১২-২০১৩ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট

| আয়ের খাত | ২০১১-২০১২ অর্থ বছরের বাজেট বরাদ্দ | ২০১১-২০১২ অর্থ বছরের প্রকৃত আয় | ২০১০-২০১১ অর্থ বছরের প্রকৃত আয় | ২০১২-২০১৩ অর্থ বছরের সম্ভাব্য আয় |
|---|---|---|---|---|
| গেজেটেড সরকারী কর্মকর্তাদের যৌথবীমা প্রিমিয়াম | ৪,৫০,০০,০০০.০০ | ৩,৭৭,২২,৫৭৪.০০ | ৪,৪৯,৮৯,২৪৭.০০ | ৪,০০,০০,০০০.০০ |
| ১৯টি স্বায়ত্বশাসিত সংস্থার প্রিমিয়াম | ৩০,০০,০০০.০০ | ৩১,৬২,০৩৩.৮২ | ২৯,৭৫,২০১.০০ | ৩২,০০,০০০.০০ |
| নন-গেজেটেড সরকারী কর্মচারীদের প্রিমিয়াম বাবদ সরকারী অনুদান | ২৫,০০,০০,০০০.০০ | ২৫,০০,০০,০০০.০০ | ২৪,০০,০০,০০০.০০ | ২৬,০০,০০,০০০.০০ |
| স্থায়ী আমানতের মুনাফা | ৪,০৫,৯০,০০০.০০ | ৪,০৫,৭৬,০৪০.০০ | ২,৭০,৭৫,০০০.০০ | ৫,০৮,০০,০০০.০০ |
| স্বল্প মেয়াদী আমানতের মুনাফা | ১০,০০,০০০.০০ | ১৪,৭৫,০০৬.৫০ | ৯,০৩,০০০.০০ | ১৪,০০,০০০.০০ |
| বিবিধ (অগ্রিম আদায় ও অন্যান্য) | ১,০০,০০০.০০ | ১,০৩,৭২৩.০৫ | ৯৬,২৭৪.০০ | ১,০৫,০০০.০০ |
| বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের নিকট থেকে ভবিষ্য তহবিলের চাঁদা | ৫,০০,০০০.০০ | ৫,৭০,৭৮১.০০ | ৪,৯০,০০০.০০ | ৬,৫০,০০০.০০ |
| বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের নিকট থেকে সাধারণ ভবিষ্য তহবিলের অগ্রিম আদায় | ২,৫০,০০০.০০ | ২,০৮,৫৮০.০০ | ২,৪৪,৯৪০.০০ | ২,০০,০০০.০০ |
| পূর্ববর্তী অর্থ বছরের অব্যয়িত অর্থ | ২,৪৬,৮৮,১৯৬.০১ | ২,৪৬,৮৮,১৯৬.০১ | ৯,২৫,০২,৪৭১.০১ | ৯৫,০৭,৪০১.৪৯ |
| মোট : | ৩৬,৫১,২৮,১৯৬.০১ | ৩৫,৮৫,০৯,৯০৪.০৮ | ৪০,৯৬,০৬,১৩৩.০১ | ৩৬,৫৮,৬২,৪০১.৪৯ |

| ক্রমিক নং | ব্যয়ের খাত | ২০১১-২০১২ অর্থ বছরের বাজেট বরাদ্দ | ২০১১-২০১২ অর্থ বছরের প্রকৃত ব্যয় | ২০১০-২০১১ অর্থ বছরের প্রকৃত ব্যয় | ২০১২-২০১৩ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট |
|---|---|---|---|---|---|
| ০১। | যৌথবীমার দাবী পরিশোধ | ৩৫,০০,০০,০০০.০০ | ৩৪,০৬,১৪,৬৫০.০০ | ৩৭,৭০,০০,০০০.০০ | ৩৫,০০,০০,০০০.০০ |
| | মোট : | ৩৫,০০,০০,০০০.০০ | ৩৪,০৬,১৪,৬৫০.০০ | ৩৭,৭০,০০,০০০.০০ | ৩৫,০০,০০,০০০.০০ |
| ০২।(ক) | প্রাতিষ্ঠানিক খরচ: | | | | |
| (১) | অফিসারদের বেতন | ৬,০০,০০০.০০ | ৪,৭৫,৭০৫.০১ | ৫,৫৪,০৩২.০০ | ৭,০০,০০০.০০ |
| (২) | কর্মচারীদের বেতন | ২২,০০,০০০.০০ | ১৮,৬৯,৮০৩.৬৯ | ১৮,৬২,৪৮৮.০০ | ৩৩,০০,০০০.০০ |
| (খ) | অন্যান্য ভাতাদি : | | | | |
| (৩) | বাড়ী ভাড়া ভাতা | ১৬,০০,০০০.০০ | ১৩,১৫,০৮১.৯৬ | ১২,৪২,০০৯.০০ | ২৩,০০,০০০.০০ |
| (৪) | চিকিৎসা ভাতা | ২,৫০,০০০.০০ | ১,৮৪,৪৬৪.৫২ | ১,৮৮,০০০.০০ | ২,৮০,০০০.০০ |
| (৫) | যাতায়াত ও টিফিন ভাতা | ১,০০,০০০.০০ | ৬৭,৭৪৫.৯৭ | ৬৬,৫৯৬.০০ | ১,০৫,০০০.০০ |
| (৬) | কার্যভার ভাতা | ৫০,০০০.০০ | --- | --- | ৫০,০০০.০০ |
| (৭) | ধোলাই ভাতা | ১০,০০০.০০ | ৫,৬০০.০০ | ৫,৫০০.০০ | ৬,৫০০.০০ |
| (৮) | অবসর ভাতা | ৩৫,০০,০০০.০০ | ২৫,৮৬,৯২৮.০০ | ২০,৩০,৫৬০.০০ | ৩৫,০০,০০০.০০ |
| (৯) | চিত্ত বিনোদন ভাতা | ১,০০,০০০.০০ | ৭০,৭১০.০০ | ৫০,০৬০.০০ | ৭৫,০০০.০০ |
| (১০) | ভবিষ্য তহবিল পরিশোধ (চূড়ান্ত) | ১২,০০,০০০.০০ | ২,০০,০০০.০০ | ৮,৫৯,২২৪.০০ | ১২,০০,০০০.০০ |
| (১১) | ভবিষ্য তহবিল স্থানান্তর | ৩,০০,০০০.০০ | ৯৭,৯০০.০০ | | ৩,০০,০০০.০০ |
| (১২) | ভ্রমন ভাতা | ১,০০,০০০.০০ | ৪৫,০০০.০০ | ৫৯,০০০.০০ | ১,০০,০০০.০০ |
| (১৩) | উৎসব ভাতা | ৫,০০,০০০.০০ | ৩,৯৭,২০৯.৮১ | ৩,৮২,২৫৫.০০ | ৭,০০,০০০.০০ |
| (১৪) | সম্মানী ভাতা(বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীদের) | ১,০০,০০০.০০ | ২৪,১০০.০০ | ২২,০০০.০০ | ১,০০,০০০.০০ |
| (১৫) | মহার্ঘ ভাতা/বেতন স্কেল, ২০০৯ বাস্তবায়ন | --- | --- | | --- |
| (১৬) | শিক্ষা সহায়ক ভাতা | ১,০০,০০০.০০ | ৩৭,৯৪১.৯০ | ৪৪,১০০.০০ | ১,০০,০০০.০০ |
| (১৭) | বাড়ী ভাড়া(বিভাগীয় অফিসের জন্য) এবং পানি ও বিদ্যুৎ | ৩,০০,০০০.০০ | --- | --- | ৩,০০,০০০.০০ |
| | মোট : | ১,১০,১০,০০০.০০ | ৭৩,৮১,২৫৩.৮৯ | ৭৩,৬৬,১৩৪.০০ | ১,৩১,১৬,৫০০.০০ |
| ০৩। | বিভিন্ন অগ্রিম | | | | |
| (১) | সাইকেল অগ্রিম | ----- | | --- | --- |
| (২) | মটর সাইকেল অগ্রিম | ৭০,০০০.০০ | ----- | --- | ৭০,০০০.০০ |
| (৩) | গৃহ নির্মান অগ্রিম | ৩,৫০,০০০.০০ | ----- | --- | ৩,৫০,০০০.০০ |
| (৪) | সাধারণ ভবিষ্য তহবিল অগ্রিম | ৫,০০,০০০.০০ | ৫,০০,০০০.০০ | ১,৩০,০০০.০০ | ১০,০০,০০০.০০ |
| | মোট : | ৯,২০,০০০.০০ | ৫,০০,০০০.০০ | ১,৩০,০০০.০০ | ১৪,২০,০০০.০০ |
| ০৪। | অন্যান্য প্রাতিষ্ঠানিক খরচ : | | | | |
| (১) | আসবাবপত্র ক্রয় ও মেরামত | ২,০০,০০০.০০ | ৯৫,০০০.০০ | ৮০,০০০.০০ | ২,০০,০০০.০০ |
| (২) | ফটোষ্টাট মেশিন/কম্পিউটার রক্ষনাবেক্ষন | ৫০,০০০.০০ | ৪৪,৮৭৬.০০ | ২০,৭৬০.০০ | ১,০০,০০০.০০ |
| (৩) | সার্ভিস ডাক টিকেট ক্রয় | ১,৫০,০০০.০০ | ১,০৭,০০০.০০ | ১,২০,০০০.০০ | ২,০০,০০০.০০ |
| (৪) | চতুর্থ শ্রেণীর কর্মচারীদের পোষাক | ৫০,০০০.০০ | ১৫,২০০.০০ | ৯,০০০.০০ | ৫০,০০০.০০ |
| (৫) | টাইপ মেশিন মেরামত | --- | ----- | ৪,০০০.০০ | --- |
| (৬) | মনোহারী দ্রব্য | ১,০০,০০০.০০ | ৯০,০০০.০০ | ৭০,০০০.০০ | ১,০০,০০০.০০ |
| (৭) | টেলিফোন | ৫০,০০০.০০ | ১৯,৩৯১.০০ | ১৮,৪৮১.০০ | ৫০,০০০.০০ |
| (৮) | ব্যাংক চার্জ | ২০,০০০.০০ | ১৬,১৭৮.০০ | ১৩,৬০১.০০ | ২৫,০০০.০০ |
| (৯) | আনুষাঙ্গিক(কন্টিনজেন্সী) | ১,০০,০০০.০০ | ৮৩,৯৮১.০০ | ৭০,৯৬১.০০ | ১,০০,০০০.০০ |
| (১০) | বোর্ডের সদস্যদের সম্মানী ও আপ্যায়ন | ৮০,০০০.০০ | ৩৫,০০০.০০ | ১৫,০০০.০০ | ৮০,০০০.০০ |
| | মোট : | ৮,০০,০০০.০০ | ৫,০৬,৬২৬.০০ | ৪,২১,৮০৩.০০ | ৯,০৫,০০০.০০ |
| | মোট প্রাতিষ্ঠানিক খরচ (২+৩+৪) | ১,২৭,৩০,০০০.০০ | ৮৩,৮৭,৮৭৯.৮৯ | ৭৯,১৭,৯৩৭.০০ | ১,৫৪,৪১,৫০০.০০ |
| | মোট কলাম নং (১+২+৩+৪) | ৩৬,২৭,৩০,০০০.০০ | ৩৪,৯০,০২,৫৩২.৮৯ | ৩৮,৪৯,১৭,৯৩৭.০০ | ৩৬,৫৪,৪১,৫০০.০০ |
| | উদ্বৃত্ত / ঘাটতি | (+) ২৩,৯৮,১৯৬.০১ | (+)৯৫,০৭,৪০১.৪৯ | (+)২,৪৬,৮৮,১৯৬.০১ | (+) ৪,২০,৯০১.৪৯ |
| | মোট : | ৩৬,৫১,২৮,১৯৬.০১ | ৩৫,৮৫,০৯,৯৩৪.৩৮ | ৪০,৯৬,০৬,১৩৩.০১ | ৩৬,৫৮,৬২,৪০১.৪৯ |

নুরু আলী মিঞা
পরিচালক (প্রশাসন)
কর্মচারী কল্যাণ বোর্ড
প্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সরকার।

মোজাফফর আহমেদ
(উপ-সচিব)
উপ-পরিচালক (প্রশাসন ও কল্যাণ)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ আলী মোস্তাফা চৌধুরী
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

২০১১-২০১২ অর্থ বছরের প্রকৃত ব্যয় ও ২০১২-২০১৩ অর্থ বছরের বাজেট বোর্ড কর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

2012_2013 final doc

CamScanner